# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

নং-১৪.০০.০০০০.০০০.০০১.১১.০০০১.২৫-১৬৭

তারিখ: ২০ ভাদ্র ১৪৩২ / ০৪ সেপ্টেম্বর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তসাপেক্ষে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত (http://ptd.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (online) এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | সর্বোচ্চ বয়সসীমা | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>বেতনস্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | অনূর্ধ্ব ৩২ বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ০৫ (পাঁচ) টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ।<br>(ঙ) কম্পিউটারে word processingসহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২ | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>বেতনস্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | অনূর্ধ্ব ৩২ বছর | ০২ (দুই) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | অনূর্ধ্ব ৩২ বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ১২ (বার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ)) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ।<br>(ঘ) কম্পিউটারে word processingসহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪ | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/- | অনূর্ধ্ব ৩২ বছর | ২২ (বাইশ) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

২। আবেদন ফরম পূরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তগুলো অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

(ক) সকল পদের ক্ষেত্রেই ০১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য, বিভাগীয় প্রার্থী বলতে বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধির আওতায় নিয়োগপ্রাপ্ত বা নিয়োজিত কর্মচারী।

(গ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন (√) দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(ঘ) বিভিন্ন কোটার প্রার্থীর ক্ষেত্রে আবেদনের সময় সংশ্লিষ্ট কোটা সংক্রান্ত অপশন পূরণ করতে হবে। আবেদনের সময় কোটা দাবী না করলে পরবর্তীতে কোটার দাবী গ্রহণ যোগ্য হবে না।

(ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ সংশোধিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। পরবর্তীতে এ সংক্রান্ত বিধি বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(চ) চাকুরি আবেদন ফরমে (Applicants Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতিত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবেনা।

(ছ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(জ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঝ) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Applicants Formসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

(ঞ) এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ১, ৩ ও ৪ নং ক্রমিকের শূন্য পদ পূরণে 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪' (সংশোধিত ২০২০), ২ নং ক্রমিকের শূন্য পদ পূরণে 'সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' অনুসরণ করা হবে।

(ট) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(ঠ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৩। পরীক্ষা গ্রহণ পদ্ধতি:

(ক) সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক পদের প্রার্থীদের ক্ষেত্রে বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(খ) কম্পিউটার অপারেটর পদের প্রার্থীদের ক্ষেত্রে বাংলা, ইংরেজি, গণিত ও কম্পিউটার বিষয়ক সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(গ) সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও কম্পিউটার অপারেটর পদের প্রার্থীদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় এবং প্রযোজ্য ক্ষেত্রে সাঁটলিপি/কম্পিউটার মুদ্রাক্ষর/কম্পিউটার Standard Aptitude Test-এ উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

(ঙ) অফিস সহায়ক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

০৪। পরীক্ষার ফি প্রদানের পর দাখিলকৃত আবেদনপত্র আর সংশোধন/এডিট করা যাবে না।

০৫। পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে প্রার্থীকে SMS এর মাধ্যমে অবহিত করা হবে। SMS প্রাপ্তির পর প্রার্থীকে নিজ উদ্যোগে তার প্রবেশপত্র http://ptd.teletalk.com.bd হতে download করে নিতে হবে।

০৬। পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি পাওয়ার জন্য আবেদন পত্রে উল্লিখিত মোবাইল নম্বর সব সময় সক্রিয় রাখতে হবে। মোবাইল নম্বর সক্রিয় না থাকার কারণে কোনো তথ্য বা SMS পেতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৭। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে), পরীক্ষার সময়, স্থান ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইট www.ptd.gov.bd এ পাওয়া যাবে।

০৮। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://ptd.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরুর তারিখ : ১৫-০৯-২০২৫ তারিখ সকাল ১০.০০ টা এবং শেষ তারিখ ১৪-১০-২০২৫ তারিখ বিকাল ০৫.০০টা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি ( দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel ) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে **নির্দেশনামতে** ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে **কম্পিউটারে ছবিসহ** Application Preview **দেখা যাবে।** আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy **পাবেন।** যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সর্ম্পূণ কালো/সর্ম্পূণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর **সঠিক** না থাকে তাহলে পুনরায় আবেদন করতে **পারবেন।** তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন **পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন** গ্রহণযোগ্য নয় **বিধায়** আবেদন ফি **জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই** উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা **রঙিন ছবি, নির্ভুল** তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর **সঠিকতার বিষয়টি** PDF Copy ডাউনলোড**পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট** করে সংরক্ষণ **করবেন।** উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন।

(চ) Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে **১-৩ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ ( ভ্যাটসহ অফেরতযোগ্য) মোট ১১২/-(একশত বার) টাকা এবং ৪ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ টাকা) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ ( ভ্যাটসহ অফেরতযোগ্য) মোট ৫৬/-(ছাপান্ন) টাকা** ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে অনগ্রসর প্রার্থীদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) ক্ষেত্রে সকল পদে আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk- এর সার্ভিস চার্জ ৬/- **টাকাসহ ( ভ্যাটসহ অফেরতযোগ্য) মোট ৫৬/-(ছাপান্ন) টাকা।** বিশেষভাবে উল্লেখ্য,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS **PTD<space>User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে

Example: **PTD ABCDEF** & send to 16222

Reply : Applicant's Name, Tk.112 or Tk. 56 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **PTD Yes PIN** and send to 16222.

দ্বিতীয় SMS **PTD<space>Yes<space>PIN** লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: **PTD Yes 12345678** & send to 16222

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for PTD Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

(ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ptd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন)করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ঝ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন। প্রবেশপত্র

i) User ID জানা থাকলে: **PTD<space>Help<space>User<space>User ID** & send to 16222
Example: **PTD Help User ABCDEF** & send to 16222

ii) PIN Number জানা থাকলে: **PTD<space>Help<space>PIN<space>PIN No** & send to 16222
Example: **PTD Help PIN 1234567** & send to 16222

(ঞ) বিজ্ঞপ্তিটি জাতীয় পত্রিকা ছাড়াও ডাক ও টেলিযোগাযোগ বিভাগের www.ptd.gov.bd এবং http://ptd.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.ptd.gov.bd) ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

(ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.quary@teletalk.com.bd বা anammopt@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/SMS এর subject-এ Organization Name: **PTD**, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৯। প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

(গ) কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(ছ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

১০। বিবিধ:

(ক) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইট www.ptd.gov.bd এ নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।

(খ) নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব
ও
সদস্য-সচিব
নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান বিষয়ক কমিটি
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

ডিজি-১২২৪/২৫ (৩০"X৪)